

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.০০৪.০২.৩৫৬.২০১৮-

তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৫।
০৮ অক্টোবর ২০১৮।


বিষয় : ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এর দায়েরকৃত এটি মামলা নং ২৫৯/২০১৮ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার নারানদি-২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব মিজবাউল হক প্রধান শিক্ষকের স্কেল দাবী করে ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এটি নং ২৬০/২০১৮ মামলা দায়ের করেন। উক্ত মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ একটি আদেশ জারি করেছেন।

২। মহাপরিচালক মহোদয় কর্তৃক জারিকৃত স্মারক নং ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-১১৭০, তারিখ ২৩ জুলাই ২০১৮ মোতাবেক মাঠপর্যায়ের দায়িত্ব বিকেন্দ্রীকরণ সম্পর্কিত পরিপত্রের ১১ নং ক্রমিক অনুযায়ী এটি মামলাসহ উপজেলা/জেলা কোর্টে দায়েরকৃত দেওয়ানী/ফৌজদারী ও অন্যান্য মামলা পরিচালনা করার দায়িত্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের উপর ন্যস্ত করা হয়েছে।

৩। তাঁকে সরকার পক্ষে মামলাটি পরিচালনা ও তদারকি করার নিমিত্ত একজন কর্মকর্তা বা উপযুক্ত কর্মচারী নিয়োগ করা এবং নিয়োগকৃত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর অধিদপ্তরের আইন কোষে প্রেরণপূর্বক সরকারের স্বার্থে অতিরিক্ত রেকর্ডপত্রের প্রয়োজন হলে তাৎক্ষণিক অধিদপ্তরে যোগাযোগ করত: মামলার রায় ঘোষনার ২/১ দিনের মধ্যে রায়ের জাবেদা নকল প্রেরণপূর্বক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে আবশ্যিকভাবে রায় সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ।



(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)
পক্ষে- মহাপরিচালক


প্রাপক,
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
কিশোরগঞ্জ

স্মারক নং- ৩৮.০১.০০০০.০০৪.০২.৩৫৬.২০১৮- ১০৪৪/১

তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৫।
০৮ অক্টোবর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সংরক্ষণ নথি।



(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)
পক্ষে- মহাপরিচালক